গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৪০.১৮-৭৭ তারিখ : ১২.০৩.২০১৯খ্রি:

বিষয় : কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর বাস্তবায়নের নিমিত্তে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৭.০২.২০১৯ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অনুকূলে কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১২.০৩.১৯
(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৯৫৪০

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৪০.১৮-৭৭ তারিখ : ১২.০৩.২০১৯খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. প্রফেসর ডা: সৈয়দ মোদাচ্ছের আলী , সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৫. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৬. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. ডা: মাখদুমা নার্গিস, সহ-সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, (২য় তলা), মহাখালী, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (বাজেট/আ:ব্য:ও অ:), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক ও অতিরিক্ত সচিব, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
১২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা ।
১৪. যুগ্ম সচিব (প্রকল্প বাস্তবায়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫. যুগ্ম সচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. যুগ্ম প্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৭. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
১৮. উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর বাস্তবায়নের নিমিত্তে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি: জাহিদ মালেক, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
স্থান: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন-৩, কক্ষ নং-৩৩৮)।
তারিখ : ০৭.০২.২০১৯
সময় : দুপুর ০১:০০ ঘটিকা।
সভায় অংশগ্রহণকারী সদস্যদের তালিকা: পরিশিষ্ট-'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সচিব মহোদয় বলেন, বাংলাদেশে মাননীয় প্রধানমন্ত্রীর চিন্তাপ্রসূত কমিউনিটি ক্লিনিক স্থাপনের মাধ্যমে প্রথমবারের মত জনসংখ্যার ভিত্তিতে একটি প্রাথমিক স্বাস্থ্য সেবা চালু হয়েছে। গ্রামীণ জনগণের দোরগোড়ায় মানসম্মত ও সমন্বিত স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিসেবা পৌছে দেওয়ার লক্ষ্যে স্থাপিত কমিউনিটি ক্লিনিক দেশে বিদেশে নন্দিত এবং রোল মডেল হিসেবে প্রশংসা অর্জন করেছে। এই ক্লিনিকের কার্যক্রমকে সংহত করা এবং কমিউনিটি ক্লিনিক ব্যবস্থাকে sustainable করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কমিউনিটি ক্লিনিক ট্রাস্ট আইন প্রণয়নের মাধ্যমে এটিকে একটি কার্যকর ট্রাস্টের আওতায় পরিচালিত করার উদ্যোগ গ্রহণ করেছেন। উল্লেখ্য, এই ট্রাস্ট আইন প্রণয়নের পূর্ব থেকে কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম মন্ত্রণালয়ের 'Community Based Health Care' অপারেশনাল প্ল্যানে অন্তর্ভুক্ত রয়েছে। এই প্ল্যানটিতে কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম ছাড়াও উপজেলা ও তার নিম্ন পর্যায়ের স্বাস্থ্য সেবা কার্যক্রম ও সে বাবদ অর্থ বরাদ্দ রয়েছে। কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন প্রণয়নের ফলে 'Community Based Health Care' অপারেশনাল প্ল্যান থেকে কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম ও বরাদ্দ পৃথক করে তা ট্রাস্টের নিকট ন্যস্ত করতে হবে। কমিউনিটি ক্লিনিক সংক্রান্ত কার্যক্রমের এই স্থানান্তর প্রক্রিয়া যাতে দ্রুত ও সুষ্ঠুভাবে করা যায় সে বিষয়ে তিনি পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানান। উল্লেখ্য, এই অপারেশনাল প্ল্যানে ৯টি component রয়েছে। যার প্রত্যেকটি অংশের জন্য অর্থ বরাদ্দ রয়েছে। প্রথম ৫টি (১. Measuring health outcomes ২. Staffing and Supervision of CC ৩. Community engagement ৪. Referral system ৫. Sustaining institutionalization) কমিউনিটি ক্লিনিক সংক্রান্ত। অবশিষ্ট ৪টি (৬. Upazila Health System, ৭. Medical Waste management ৮. Tribal Health, ৯. Urban Health) উপজেলা ও অন্যান্য স্বাস্থ্য ব্যবস্থা সংক্রান্ত।

০২। সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট বলেন, বিগত ০৮ অক্টোবর, ২০১৮ তারিখে 'কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮' কার্যকর হয়। সে মোতাবেক 'Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RCHCIB)' শীর্ষক প্রকল্প এবং 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানের দায় দায়িত্ব ট্রাস্টের আওতায় চলে আসছে। মন্ত্রণালয়ের পরামর্শক্রমে ট্রাস্ট যাবতীয় কার্যক্রম পরিচালনা করবেন মর্মে মতামত ব্যক্ত করেন।

০৩। মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সভায় কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে বাংলাদেশের গ্রামীণ জনগণের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানে কমিউনিটি ক্লিনিক সংশ্লিষ্ট অংশে (৫টি কম্পোনেন্ট বাবদ) বরাদ্দের সমপরিমান অর্থ ভিন্নভাবে বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করার পরামর্শ দেন। তিনি বলেন 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানে কমিউনিটি ক্লিনিকের অংশের অর্থ অব্যয়িত রেখে পরবর্তীতে অর্থ বিভাগকে ফেরত প্রদান করবে এবং এভাবে আর্থিক সমন্বয় সাধিত হবে।

০৫। যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সভায় কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর বিভিন্ন ধারা ও উপধারা এবং সংজ্ঞার প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন আইনটি অনুমোদনের সাথে সাথেই কার্যকরী হয়েছে এবং আইনের ২৪ ধারায় বাস্তবায়ন কার্যক্রম সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে। সুতরাং এ বিষয়ে আলাদা ব্যাখ্যা প্রদানের প্রয়োজন ও সুযোগ নেই।

০৬। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ বাস্তবায়নের নিমিত্ত কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানকে কম্পোনেন্ট অনুযায়ী পৃথক করা যেতে পারে।

০৭। পরিচালক, বাস্তবায়ন, পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় বলেন, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন ২০১৮ সংসদে পাশ হয়েছে। আইনে সেভাবে আছে সেভাবেই কাজ করতে হবে। যদি ট্রাস্ট পরিচালনার ক্ষেত্রে পদ্ধতিগত সমস্যার উদ্ভব হয় সেক্ষেত্রে মন্ত্রণালয় আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।

০৮। উপসচিব, বাজেট-৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় জানান যে, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ অনুযায়ী কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের অনুকূলে পরিচালন কোড, প্রাতিষ্ঠানিক কোড ও অর্থনৈতিক কোড বরাদ্দসহ বাজেট বরাদ্দের প্রস্তাব স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে প্রেরণ করলে নতুন করে অর্থ বরাদ্দের উদ্যোগ গ্রহণ করা হবে।

০৯। লাইন ডাইরেক্টর, 'Community Based Health Care' বলেন, অপারেশনাল প্ল্যানের বাস্তবায়নকাল জানুয়ারি ২০১৭ হতে জুন ২০২২ পর্যন্ত। আলোচ্য অপারেশনাল প্ল্যানের অনুমোদিত মোট ব্যয় ৫০৬৫৯৭.৯৫ লক্ষ টাকা (জিওবি-৩৫৮০৫৪.৪৫ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৪৮৫৪৩.৫০ লক্ষ টাকা এর মধ্যে আরপিএ ১৪৬৫৩৩.৫০ লক্ষ টাকা এবং ডিপিএ ২০১০.০০ লক্ষ টাকা। উক্ত টাকার মধ্যে ২০১৬-২০১৮ (ডিসেম্বর) পর্যন্ত ২০১১৪৬.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। এতে দেখা যায়, ১ থেকে ৫ ক্রমিক পর্যন্ত কমিউনিটি ক্লিনিক সংশ্লিষ্ট এবং ৬-৯ ক্রমিক পর্যন্ত উপজেলা স্বাস্থ্য ব্যবস্থাপনা, মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা, ক্ষুদ্র নৃগোষ্ঠীর স্বাস্থ্য সেবা ও নগর স্বাস্থ্য সেবা সংক্রান্ত। ৬-৯ ক্রমিকের কম্পোনেন্টগুলির পরিচালনার বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন।

১০। মাননীয় মন্ত্রী কমিউনিটি ক্লিনিক থেকে প্রদেয় সেবা এবং এর কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে চালু রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান কমিউনিটি ক্লিনিক ট্রাস্ট গঠনের মূল উদ্দেশ্য এই ক্লিনিককে আরও সুসংহত করা, সেবা কার্যক্রমের মানবৃদ্ধি এবং কমিউনিটি ownership বৃদ্ধি করা। ফলে অপারেশনাল প্ল্যান থেকে ট্রাস্টের নিকট এই স্থানান্তর যাতে সহজ, দ্রুত হয় এবং সেবা কার্যক্রম অব্যাহত থাকে সেদিকে লক্ষ্য রাখার জন্য তিনি তাগিদ দেন। আইনের ব্যখ্যার বিষয়ে পরবর্তীতে কার্যক্রম গৃহীত হতে পারে মর্মে তিনি মত প্রকাশ করেন।

১১। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যান থেকে ট্রাস্টের নিকট স্থানান্তর দ্রুত ও সহজ করতে হবে এবং সেবা কার্যক্রম ব্যহত না হয় তার দিকে খেয়াল রাখতে হবে। এ জন্য ট্রাস্ট কর্তৃপক্ষ ও 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানের লাইন ডাইরেক্টর একযোগে কাজ করবে।

(খ) কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ অনুযায়ী কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের অনুকূলে পরিচালন কোড, প্রাতিষ্ঠানিক কোড ও অর্থনৈতিক কোড বরাদ্দসহ বাজেট বরাদ্দের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করবে;

(গ) 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানের কার্যক্রম এর কমিউনিটি ক্লিনিক সংশ্লিষ্ট কম্পোনেন্টগুলি এই অপারেশনাল প্ল্যান থেকে পৃথক করে আলোচ্য 'Community Based Health Care' শীর্ষক অপারেশনাল প্ল্যানটি সংশোধনের জন্য প্ল্যানিং উইং দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে;

(ঘ) ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, ট্রাস্টের সাধারণ পরিচালনা নীতিমালা, প্রবিধান ও বিধি প্রণয়নের কাজ সম্পন্ন করে অতি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঙ) ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, ট্রাস্টের জনবল, সাংগঠনিক কাঠামো প্রস্তুতপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(চ) কমিউনিটি ক্লিনিক অংশে জাইকাসহ অন্যান্য উন্নয়ন সহযোগীদের যে অর্থায়ন রয়েছে সে অর্থায়ন অব্যাহত রাখার লক্ষ্যে উন্নয়ন সহযোগীদের সংগে ট্রাস্টের সমন্বয় সাধনের বিষয়ে পরিকল্পনা উইং কার্যক্রম গ্রহণ করবে।

১১। সকলকে ধন্যবাদ জানিয়ে মাননীয় মন্ত্রী সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১১.০৩.২০১৯
(জাহিদ মালেক)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৪০.১৮-৭৭ তারিখ : ১২.০৩.২০১৯খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. প্রফেসর ডা: সৈয়দ মোদাচ্ছের আলী , সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৫. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৬. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. ডা: মাখদুমা নার্গিস, সহ-সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, (২য় তলা), মহাখালী, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (বাজেট/আ:ব্য:ও অ:), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক ও অতিরিক্ত সচিব, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
১২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
১৪. যুগ্ম সচিব (প্রকল্প বাস্তবায়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫. যুগ্ম সচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. যুগ্ম প্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৭. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
১৮. উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১২/০৩/১৯

(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৯৫৪০